

**Subject Bengali**  
**2<sup>nd</sup> language**  
**Worksheet**  
**Class-4**

**অব্যয় ও ক্রিয়া পদ**

**অব্যয় পদ**-যে পদের কোন অবস্থাতেই পরিবর্তন হয়না তাদের অব্যয় বলে।

অর্থাৎ **কিন্তু,এবং,ইস্, বটে** এইসব পদগুলি কোন অবস্থাতে পরিবর্তন হয় না বলে এদের অব্যয় পদ বলা হয়।

যেমন- অরুণ **এবং** করিম হলো দুই বন্ধু।

আবার **বাঃ** কি সুন্দর ফুল।

এছাড়া-ও, বাঃ,সেই, ওপর, এবং, যেমন, তেমন, ঝমঝম,আর, নতুবা, যদি, সঙ্গে, মতো, বিনা, ছাড়া, অথবা, কিংবা, নচেৎ, ইত্যাদি। পদ গুলি অব্যয় পদ হিসেবে ব্যবহার হয়।

**ক্রিয়াপদ**-যে পদের দ্বারা কোন কিছু করা, হওয়া বা থাকা বোঝায়, সেই পদকে ক্রিয়াপদ বলে।

অর্থাৎ যে পদ দিয়ে আমরা যে কোন কাজকে বোঝাচ্ছি সেই পথেই আমরা ক্রিয়াপদ বলি থাকি।

যেমন-

মিঠু বই পড়ছে।

পাখিরা আকাশে উড়ছে।

ছেলেটি সাঁতার কাটছে।

ওপরের বাক্য গুলিতে পড়ছে, উঠছে, সাঁতার কাটছে, এই পদ গুলি দিয়ে কোন কাজ করাকে বোঝানো হচ্ছে তাই এই পদ্ধতি হলো ক্রিয়াপদ।

ক্রিয়া পদ দুই প্রকার:

১) সমাপিকা ক্রিয়া।

২) অসমাপিকা ক্রিয়া।

**সমাপিকা ক্রিয়া**-যে ক্রিয়া বা কাজের দ্বারা বাক্যের অর্থ সম্পূর্ণ হয়, তাকে সমাপিকা ক্রিয়া বলা হয়।

**যেমন**-পাখিরা আকাশে উড়ছে।

**অসমাপিকা ক্রিয়া**-যে ক্রিয়া বা কাজের দ্বারা বাক্যের অর্থ সম্পূর্ণ হয় না, তাকে অসমাপিকা ক্রিয়া বলা হয়।

**যেমন**-রাজু খেলতে গিয়ে পা ভাঙল। এই বাক্যে 'গিয়ে' অসমাপিকা ক্রিয়া কারণ, 'রাজু খেলতে গিয়ে.....' বলে থেমে গেলে বাক্য সম্পূর্ণ হবে না।

**ক)নীচের প্রশ্নগুলির উত্তর দাও।**

- ১) অব্যয় পদ কাকে বলে?
- ২) অব্যয় পদের যে কোনো দুটি উদাহরণ দাও।
- ৩) ক্রিয়া পদ কাকে বলে?
- ৪) ক্রিয়া পদ কয় প্রকার ও কি কি? প্রত্যেকটি ভাগের একটি করে উদাহরণ দাও।

থ) নীচের সঠিক পদ গুলি নির্দিষ্ট স্থানে\* লেখ।  
ডাকো, খাচ্ছি , বাঃ, কিন্তু, এবং, পড়ছে, গাইছে, যেমন  
তেমন, নতুবা, যদি, নাচছে।

ক্রিয়া      অব্যয়

\*\*\*\*\*

---